

সেগুলি হল—

| শিক্ষার সংকীর্ণ অর্থ | শিক্ষার ব্যাপক অর্থ |
|--|---|
| (১) সংকীর্ণ অর্থে শিক্ষা হল জ্ঞান অর্জন করা। | (১) ব্যাপক অর্থে শিক্ষা হল শিশুর অন্তর্নিহিত সম্ভাবনাগুলির পরিপূর্ণ বিকাশ সাধন। |
| (২) সংকীর্ণ অর্থে শিক্ষার উদ্দেশ্য পুঁথিগত জ্ঞানার্জন। | (২) ব্যাপক অর্থে শিক্ষার উদ্দেশ্য শিক্ষার্থীর সর্বাঙ্গীণ বিকাশ। |
| (৩) সংকীর্ণ অর্থে শিক্ষার সংস্থা হল—বিদ্যালয়। | (৩) ব্যাপক অর্থে শিক্ষার সংস্থা হল—বিদ্যালয়, পরিবার, গণমাধ্যম, সমাজ ইত্যাদি। |
| (৪) সংকীর্ণ অর্থে শিক্ষার্থী শূন্যভাণ্ডার, শিক্ষক শিক্ষার্থীকে জ্ঞান দান করে সেই শূন্যভাণ্ডার পূর্ণ করে। অর্থাৎ, শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্ক দাতা-গ্রহীতার। | (৪) ব্যাপক অর্থে শিক্ষার্থী সক্রিয় আর শিক্ষক হলেন শিক্ষার্থীর বন্ধু, নির্দেশক ও পথপ্রদর্শক। |
| (৫) সংকীর্ণ অর্থে শিক্ষা মৌখিক আলোচনা ও স্মৃতির ওপর গুরুত্ব দেয়। অর্থাৎ, শিক্ষাদান পদ্ধতি অমনোবৈজ্ঞানিক। | (৫) ব্যাপক অর্থে শিক্ষা শিক্ষার্থীর প্রচেষ্টা, কার্যকলাপ ও বাস্তব অভিজ্ঞতার ওপর গুরুত্ব দেয়। অর্থাৎ, শিক্ষাদান পদ্ধতি মনোবিজ্ঞানসম্মত। |
| (৬) সংকীর্ণ অর্থে শিক্ষায় জ্ঞানমূলক কিছু বিষয় পাঠক্রমে স্থান পায়। | (৬) ব্যাপক অর্থে শিক্ষায় অভিজ্ঞতার পুনর্বিন্যাসের মাধ্যম হিসেবে বহুমুখী পাঠক্রম গ্রহণ করা হয়। |